

# ধন্যবাদ


নিদানিক গবেষণায় অংশগ্রহণ করলে তা জনস্বাস্থ্যকে উপকৃত  
করে এবং চিকিৎসাগত জ্ঞানকে উন্নত করে।

এই কার্ডটি প্রস্তুত করেছে Center for Information & Study on Clinical Research Participation (CISCRP), যা জনগণকে নিদানিক গবেষণায় অংশগ্রহণ সম্পর্কে শিক্ষাদান ও অবহিত করার উপরে মনোনিবেশকারী একটি স্বতন্ত্র অলাভজনক সংস্থা। CISCRP নিদানিক পরীক্ষণে রোগীদের নিয়োগের সাথে যুক্ত নয়, বা এটি নিদানিক গবেষণা পরিচালনার সাথেও যুক্ত নয়।

আপনার নিদানিক পরীক্ষণটির স্পনসর হল AstraZeneca। ডাক্তার, বিজ্ঞানী, পরীক্ষণের সমন্বয়কারী, এবং পরীক্ষণে অংশগ্রহণকারীদের দ্বারা এটি দেশব্যাপী পরিচালিত হচ্ছে। অন্য অংশগ্রহণকারীদের সঙ্গে একত্রে, আপনি এটি খুঁজে বের করা সম্ভব করে তোলেন যে কেমোথেরাপির সাথে সম্মিলিতভাবে ব্যবহৃত রিলভেগোস্টোমিগ নামের ওষুধটি অগ্রগতিপ্রাপ্ত পিত্তনালীর ক্যান্সারের স্ট্যান্ডার্ড চিকিৎসার তুলনায় বেশি নিরাপদ ও কার্যকর হয় কিনা।

**যখন নিদানিক পরীক্ষণটি শেষ হবে,** তখন সামগ্রিক পরীক্ষণের ফলাফলের একটি সারাংশ [www.trialsurmaries.com](http://www.trialsurmaries.com) ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আপনার কাছে উপলভ্য করা হবে। এই ওয়েবসাইটটি এমন তথ্য সংগ্রহ, সঞ্চয় বা ব্যবহার করে না যা ব্যবহার করে আপনাকে শনাক্ত করা যেতে পারে।

### পরীক্ষণটির ফলাফলের সারাংশটি যখন প্রস্তুত হয়ে যাবে, তখন সেটি পাওয়ার জন্য:



আমরা আশা করি যে সারাংশটি আপনাকে এবং সকল অংশগ্রহণকারীকে চিকিৎসা বিজ্ঞানকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে আপনার গুরুত্বপূর্ণ ভূমিকা বুঝতে এবং সে সম্পর্কে গর্ববোধ করতে সাহায্য করবে। আপনার যদি ইন্টারনেটে অ্যাক্সেস না থাকে বা একটি প্রিন্ট করা কপি প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে আপনার অধ্যয়নস্থল কর্মীকে জানান।